

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/৭৮৬ (১২৫০)

তারিখঃ ২৪-০১-২০১৬

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শাখার নিরাপত্তা বিধান ও দূর্ঘটনা রোধকল্পে ভল্ট ও ট্রুং ক্রম শক্তিশালীকরণ, উহার চাবী যথাযথভাবে সংরক্ষণ, নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিতকরণসহ ভল্টে সীমিতরিক্ত টাকা ধারণ না করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে জারীকৃত ০১-১১-২০১৫ তারিখের পত্র নম্বর প্রকা/শানিব্যউবি-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/৪৮৫(১২৫০) এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে শাখার নিরাপত্তা বিধান ও দূর্ঘটনা রোধকল্পে ভল্ট ও ট্রুং ক্রমের চাবী যথাযথ সংরক্ষণ, নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিতকরণসহ এ সংক্রান্ত বিষয় বাস্তবায়নের লক্ষ্যে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়।


০৩। অতি সম্প্রতি দেশের বিভিন্ন এলাকায় শাখার ভল্টের নিরাপত্তা-বেটনী ভেদ করে ভল্টে রক্ষিত অর্থ চুরি/ডাকাতি করার ঘটনা পরিলক্ষিত হচ্ছে-যা অত্যন্ত উদ্বেগের কারণ।

০৪। এমতাবস্থায়, অত্র বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত উপরোক্ত পত্রের নির্দেশনার আলোকে শাখার নিরাপত্তা বিধান ও দূর্ঘটনা রোধকল্পে ভল্ট ও ট্রুং ক্রম শক্তিশালী করা সহ উহার চাবী যথাযথভাবে সংরক্ষণ এবং নিরাপত্তা প্রহরীর শাখায় অবস্থান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। এ ছাড়াও ব্যাংকের নিরাপত্তা ও সুর্ত্ত তহবিল ব্যবস্থাপনার স্বার্থে শাখায় কোন অবস্থায়ই অনুমোদিত সীমার অতিরিক্ত টাকা ভল্টে রাখা যাবে না। শাখার লেনদেন ও ব্যবসা বৃদ্ধির কারণে শাখার বর্তমান অনুমোদিত ভল্ট সীমার চেয়ে বেশী তহবিল ধারণ করার প্রয়োজন হলে সে ক্ষেত্রে যৌক্তিক পরিমাণ ভল্ট লিমিট নির্ধারণ করতে হবে। অতিরিক্ত টাকা ভল্টে রাখার কারণে যদি কোন ধরণের দূর্ঘটনা সংঘটিত হয়-সে ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও ক্যাশের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

০৫। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে শাখা পরিদর্শনকালে শাখাসমূহ কর্তৃক উপরোক্ত নির্দেশনা যথাযথ পরিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এ ব্যাপারে কোন ধরণের অবহেলা বা গাফিলতি পরিলক্ষিত হলে সে জন্য শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকেও শাখাসমূহ নিরীক্ষাকালে বিষয়টি পর্যবেক্ষণপূর্বক আলোচ্য নির্দেশনাসমূহ শাখা কর্তৃক পরিপালিত না হলে সে ক্ষেত্রে নিরীক্ষা আপত্তি উত্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

০৬। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,



(এ,আর,এম, আনিস উজ্জামান)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৭৪০২৫

তারিখঃ ২৪-০১-২০১৬

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৫-২০১৬/৭৮৬(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।
- ৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান আলী সিরাজী)

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৮৭২৩৬, ৯৫৫৯৫২৪